দৈনিক ইত্তেফাক

তারিখ MAR. 1 4 1999
পৃষ্ঠা ১২ কলাম ৪

১০৪

প্রধানমন্ত্রীর বরাবরে স্মারকলিপি পেশ

# স্বতন্ত্র প্রাথমিক শিক্ষা ক্যাডার সৃষ্টি করার দাবী

চট্টগ্রাম অফিস ।। বাংলাদেশ প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদের ১২ দফা দাবী সম্বলিত এক স্মারকলিপি গত সোমবার প্রধান মন্ত্রীর বরাবরে পেশ করা হয়। ঐক্য পরিষদের চট্টগ্রাম শাখার সভাপতি ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ নূরুল আমিনের নেতৃত্বে ঐক্য পরিষদ নেতৃবৃন্দ এই স্মারকলিপি অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট মঞ্জুর হোসেনের হাতে প্রদান করেন। স্মারকলিপিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে ডেপুটেশনমুক্ত করিয়া মাঠ পর্যায়ের কর্মকর্তাদের দ্বারা পরিচালনা এবং স্বতন্ত্র প্রাথমিক শিক্ষা ক্যাডার সৃষ্টি করিয়া প্রাথমিক ও গণশিক্ষা বিভাগকে অবিলম্বে পূর্ণাঙ্গ মন্ত্রণালয় ঘোষণার দাবী জানানো হয়। পূর্বাহ্নে ঐক্য পরিষদের চট্টগ্রাম শাখার শতাধিক সদস্য মিছিল করিয়া জেলা প্রশাসকের কার্যালয়ে যান। পরে এক সংক্ষিপ্ত সমাবেশে দাবী আদায়ের লক্ষ্যে আগামী ২০শে মার্চ জাতীয় প্রেস ক্লাবের সামনে সমাবেশ এবং ২১শে মার্চ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সামনে অবস্থান ধর্মঘট কর্মসূচীর কথা ঘোষণা করা হয়। নূরুল আমিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সমাবেশে চট্টগ্রাম শাখার সম্পাদক এনামুল হক ও অন্যান্যরা বক্তব্য রাখেন।